# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 01-09-2026** **Time: 1.40 P.M.**

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ রাজ্যে সাংবাদিকদের জন্য পেনশন যোজনা এবং মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনায় সাংবাদিকদের অন্তর্ভুক্তিকরণ কর্মসূচির সূচনা করেছেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী জানান, এবার থেকে মাসে পাঁচ হাজার টাকা করে পেনশন পাবেন অবসরপ্রাপ্ত সাংবাদিকরা। এই বিষয়ে অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত আগেই বাজেটে ঘোষণা করেছিলেন।

এদিকে, মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনায় যেসব সাংবাদিকরা অন্তর্ভুক্ত হয়েছেন, মুখ্যমন্ত্রী আজ তাদের হাতে কার্ড তুলে দেন। তিনি বলেন, এর অধীনে রাজ্যের এক হাজার ৯০০ টি হাসপাতালে চিকিৎসার সুযোগ পাওয়া যাবে।

আয়ুষ্মান ভারতের সুবিধা মিলবে দেশের ৩৮ হাজার হাসপাতালে। যারা আয়ুষ্মান ভারত পেয়েছেন, তাদের মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনার কার্ডের প্রয়োজন নেই। যারা এখনও কার্ড পাননি, তাদের সরকারি আধিকারিকরা প্রয়োজনীয় সহায়তা করবেন বলেও মুখ্যমন্ত্রী জানান।

সরকারের সমালোচনা করলেও দেশপ্রেম ও ধর্মীয় আস্থার প্রশ্নে কঠোর অবস্থান নিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সংবাদমাধ্যমকে আহ্বান জানিয়েছেন। নবান্নে আজ ওই অনুষ্ঠানে তিনি বলেন, নিজের সমালোচনা , সরকারের সমালোচনা , দলের সমালোচনা তিনি মাথা পেতে নেবেন। কিন্তু দেশপ্রেমের প্রশ্নে এবং ধর্মীয় আস্থার প্রশ্নে সকলের কঠোর অবস্থান নেওয়া উচিত

মুখ্যমন্ত্রী বলেন, সংবাদমাধ্যম গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ। তাই সরকারের গঠনমূলক সমালোচনার পাশাপাশি সংবাদ পরিবেশনের ক্ষেত্রে জাতীয় স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া উচিত।

-------------------

বিপর্যয় মোকাবিলায় রাজ্যে আজ অর্জুন বাহিনীর সূচনা হয়েছে। যে কোনো ধরনের বিপর্যয়ে দ্রুত উদ্ধার কাজ সম্পূর্ণ করতে অবসরপ্রাপ্ত সেনা কর্মীদের নিয়ে গঠিত এই বিশেষ প্রশিক্ষিত বাহিনীর আজ সূচনা করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। অনুষ্ঠানে তিনি বলেন, বিপর্যয় মোকাবিলায় বিগত সরকারের অবহেলার কারণে বহু মানুষকে দুর্ভোগ সইতে হয়েছে। প্রশিক্ষণ ও উন্নত যন্ত্রপাতি না থাকায় ওড়িশা থেকে প্রশিক্ষিত দল আনতে হয় বলেও উল্লেখ করেন তিনি। এধরনের ঘটনার পুনরাবৃত্তি রুখতে এবং বিপর্যয় মোকাবিলা বাহিনীকে আরও আধুনিক করে তোলার লক্ষ্যেই রাজ্য সরকারের এই উদ্যোগ বলে শ্রী অধিকারী জানান।

বাইট

-------------------

রাজ্যে চালের দাম বাড়ার কোনও যৌক্তিক কারণ নেই বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মনে করেন। কলকাতার নিউমার্কেট চত্বরে আজ উপভোক্তা অধিকার সুরক্ষা সপ্তাহের সূচনা করে তিনি বলেন চাল যেহেতু রাজ্যেই উৎপাদিত হয়, তাই তার দাম অস্বাভাবিকভাবে বাড়ার কথা নয়। তবে খুচরো বাজারে কিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বেড়েছে বলে তিনি স্বীকার করেন।

মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, মুনাফার আশায় কিছু ব্যবসায়ী মিষ্টি, সবজি ও মাছে নিষিদ্ধ রং ব্যবহার করছেন। এই ধরনের কারচুপির বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হচ্ছে বলেও জানান তিনি।

(বাইট-মুখ্যমন্ত্রী ক্রেতা সুরক্ষা)

হগ মার্কেটের সামনে এক সপ্তাহব্যাপী উপভোক্তা অধিকার সুরক্ষা সপ্তাহের উদ্বোধনও করেন মুখ্যমন্ত্রী। উপস্থিত ছিলেন ক্রেতা সুরক্ষা দফতরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী ইন্দ্রনীল খাঁ।

-------------------

রাজ্য জুড়ে পরিচ্ছন্নতা বৃদ্ধি এবং দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পশ্চিমবঙ্গে আজ থেকে কঠোরভাবে নতুন নাগরিক বিধি কার্যকর হয়েছে। এর অধীনে যত্রতত্র থুতু বা ময়লা ফেলা এবং প্রকাশ্যে মলমুত্র ত্যাগের ক্ষেত্রে জরিমানার পাশাপাশি কড়া ব্যবস্থা নেওয়া হবে। নিষিদ্ধ প্লাস্টিকের ব্যবহার, অনৈতিকভাবে বর্জ্য স্তূপ করে রাখা এবং জনগণের ব্যবহার্য রাস্তার ওপর নির্মাণ সামগ্রী রেখে দেওয়ার ক্ষেত্রেও গুণতে হবে জরিমানা। নতুন বিধিতে বেআইনী পার্কিং এবং সরকারি জমি বা রাস্তা দখলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে। পাশাপাশি শহরাঞ্চলে রাতে রাস্তার পাশে গাড়ি পার্ক করার জন্যও নির্দিষ্ট ফি চালু করা হবে। পুর ও নগোরন্নায়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন, পরিচ্ছন্নতা, স্যানিটেশন এবং নাগরিক শৃঙ্খলা আরও বাড়িয়ে তুলতেই রাজ্য সরকারের এই পদক্ষেপ।

-------------------

দুর্গাপুজোর পরই বিভিন্ন পুরসভায় ভোট করাতে চেয়ে নির্বাচন কমিশন, কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে। কমিশনের দাবি, হাইকোর্টে একাধিক ইলেকশন পিটিশন মামলা বিচারাধীন রয়েছে। সেই সব মামলায় বিভিন্নে কেন্দ্রের ইভিএম, ভিভিপ্যাট এবং অন্য সামগ্রী সংরক্ষণ করার জন্য নির্বাচন কমিশনকে নির্দেশ দেওয়া হয়। এই পরিস্থিতিতে পর্যাপ্ত ইভিএম-এর অভাব থাকায় পুরভোট পিছিয়ে যেতে পারে বলে কমিশনের পক্ষ থেকে জানানো হয়। মামলার দ্রুত শুনানির আর্জিও জানিয়েছে কমিশন। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপব্রত চক্রবর্তী এবং বিচারপতি অতরূপ বন্দ্যোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চে আগামী সপ্তাহে মামলার শুনানি হতে পারে।

-------------------

ক্যামাকস্ট্রীটে তৃণমূল কংগ্রেসের দপ্তরে অশান্তি ও পুলিশ নিগ্রহের ঘটনায় তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জী আজ ঘন্টা খানেক আগে সেক্সপিয়ার সরণী থানায় হাজিরা দিয়েছেন। গত শনিবার নোটিশ পাঠিয়ে তাকে তলব করা হয়।

এদিকে, আজ অভিষেক থানায় পৌঁছনোর আগেই সেখানে ভিড় জমান দলের কর্মী সমর্থকরা। অভিষেকের বিরুদ্ধে চক্রান্তের অবিযোগ তুলে তাদের স্লোগান দিতেও দেখা যায়।

উল্লেখ্য ক্যামাকস্ট্রীটের ঘটনায় তিনটি এফআইআর দায়ের হয়েছে। অভিষেকের বিরুদ্ধে সরকারি কাজে বাধা, আধিকারিকদের নিগ্রহ, পুলিশ কর্মীদের হেনস্থা এবং শ্লীলতাহানির চেষ্টায়র মামলা রুজু হয়। এরপরই অভিষেক সহ ডেরেক ওব্রায়েন, বৈশ্বানর চট্টোপাধ্যায় এবং অভিষেকের আপ্ত সহায়ক সুমিত রায়কে তলব করে পুলিশ।

এই ঘটনায় আগেই ১৪ জনকে গ্রেপ্তার করা হয়। তাদের আগামীকাল আদালতে তোলা হবে।

------------------

উত্তর পশ্চিম বঙ্গোপসাগরের ওপর সৃষ্ট সুস্পষ্ট নিম্নচাপটি এখন দক্ষিণবঙ্গের পশ্চিমাংশ এবং উত্তর ওড়িশা ও ঝাড়খণ্ডের ওপর অবস্থান করছে। অন্যদিকে সক্রিয় মৌসুমী অক্ষরেখা বিস্তৃত রয়েছে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ পর্যন্ত। এর প্রভাবে দক্ষিণবঙ্গের সব জেলাতেই আজ'ও বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস। বিশেষ করে পশ্চিমের জেলাগুলিতে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম বর্ধমান ও বীরভূম জেলায় রয়েছে হলুদ সর্তকতা।

কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় গতরাত থেকেই চলেছে দফায় দফায় বৃষ্টি। আলিপুরে আজবেলা সাড়ে এগারোটা পর্যন্ত বৃষ্টি হয়েছে- প্রায় ৭১ মিলিমিটার।

এদিকে, একটানা বৃষ্টিতে কলকাতার বিভিন্ন রাস্তায় জল জমে জনজীবন বিপর্যস্ত। যদুবাবুর বাজার থেকে এলগিন রোড পর্যন্ত প্রায় হাঁটু সমান জল। জল জমেছে উত্তর কলকাতার বেশ কিছু এলাকাতেও।

যত্রতত্র তৈরি হয়েছে যানজট। লাউডন স্ট্রীট, থিয়েটার রোড, তারাতলা, হেস্টিংস খিদিরপুর, ঠনঠনিয়া কালিবাড়ি, কলেজস্ট্রীট এলাকা জলবন্দী।

------------------ ------------------